গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মেহেন্দিগঞ্জ ,বরিশাল ।

স্মারক নং- ০৫.১০.০৬৬২.০০৮.০১.০০৬.২০২২.৩৮৩ তারিখ ঃ ২১-০৪-২০২২ খ্রি.।

উপজেলা পরিষদের এপ্রিল-২০২২ খ্রি. মাসের বিশেষ মাসিক সমন্বয় সভার নোটিশ।

আগামী ২৭-০৪-২০২২ খ্রি. তারিখ রোজঃ বুধবার সকাল ১১.৩০ ঘটিকায় উপজেলা পরিষদের এপ্রিল-২০২২ খ্রি. মাসের বিশেষ মাসিক সমন্বয় সভা জনাব এ.কে.এম মাহফুজ-উল-আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল এর সভাপতিত্বে উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হবে। প্রত্যেক অফিস প্রধানকে তাদের বিভাগীয় কার্যক্রমের ০১ (এক) প্রস্থ প্রতিবেদন সভার পূর্বে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়করণ।
০২। বিভিন্ন দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা।
০৩। বিবিধ।

স্বাক্ষরিত/-
(মোঃ নূরুননবী)
উপজেলা নির্বাহী অফিসার
মেহেন্দিগঞ্জ, বরিশাল
ফোন ঃ ০৪৩২৫-৫৬০০৩(অফিস)।
E-mail:unomehendiganj@gmail.com

স্মারক নং- ০৫.১০.০৬৬২.০০৮.০১.০০৬.২০২২.৩৮৩(৬০) তারিখ ঃ ২১-০৪-২০২২ খ্রি.।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য-১২২, বরিশাল-৪(হিজলা-মেহেন্দিগঞ্জ) নির্বাচনী এলাকা।
০২। জেলা প্রশাসক, বরিশাল।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল।
০৪। মেয়র, মেহেন্দিগঞ্জ পৌরসভা, মেহেন্দিগঞ্জ, বরিশাল।
০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল।
০৬। মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল।
০৭। প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, মেহেন্দিগঞ্জ উপজেলা কমান্ড, মেহেন্দিগঞ্জ, বরিশাল।
০৮। উপজেলা ..............................................................অফিসার (সকল) , মেহেন্দিগঞ্জ, বরিশাল।
০৯। চেয়ারম্যান,আন্ধারমানিক/লতা/চরএককরিয়া/উলানিয়া উত্তর/উলানিয়া দক্ষিণ/মেহেন্দিগঞ্জ/বিদ্যানন্দপুর/ভাষানচর/চরগোপালপুর/জাঙ্গালিয়া/আলিমাবাদ/ চানপুর/দড়িচর খাজুরিয়া/গোবিন্দপুর/শ্রীপুর ও জয়নগর ইউনিয়ন পরিষদ (সকল), মেহেন্দিগঞ্জ, বরিশাল।
১০। সহকারী প্রোগ্রামার,উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,উপজেলা কার্যালয়,মেহেন্দিগঞ্জ,বরিশালকে (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১। জনাব ..............................................................
..............................................................।
১২। অফিস নথি।

২৫/০৪/২২

উপজেলা নির্বাহী অফিসার
মেহেন্দিগঞ্জ,বরিশাল।

## মেহেন্দিগঞ্জ উপজেলা পরিষদের এপ্রিল-২০২২ মাসের বিশেষ মাসিক সমন্বয় সভায় উপস্থিত সদস্যদের হাজিরা

সভার স্থান: উপজেলা পরিষদ সভাকক্ষ , সময়ঃ সকাল ১১ঃ৩০ ঘটিকা — সভার তারিখ ঃ ২৭/০৪/২০২২খ্রি.

| ক্রমিক নং | পদবী | ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | মাননীয় সংসদ সদস্য-১২২ ,বরিশাল-৪ (হিজলা-মেহেন্দিগঞ্জ) নির্বাচনী এলাকা। | | |
| ০২। | চেয়ারম্যান ,উপজেলা পরিষদ , মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | | |
| ০৩। | উপজেলা নির্বাহী অফিসার, মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | | |
| ০৪। | মেয়র ,মেহেন্দিগঞ্জ পৌরসভা, মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | | |
| ০৫। | সহকারী কমিশনার (ভূমি), মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | | |
| ০৬। | ভাইস চেয়ারম্যান ,উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | | |
| ০৭। | মহিলা ভাইস চেয়ারম্যান ,উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | | 27/04/22 |
| ০৮। | প্রশাসক বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | | |
| ০৯। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | | |
| ১০। | উপজেলা কৃষি অফিসার মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | 01711-928650 | 27.04.22 |
| ১১। | উপজেলা প্রানিসম্পদ অফিসার মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | ০২৯২২৮৬৮৮৯১ | 27.4.22 |
| ১২। | অফিসার-ইন-চার্জ মেহেন্দিগঞ্জ থানা , বরিশাল। | 0132151399 | |
| ১৩। | অফিসার-ইন-চার্জ কাজিরহাট থানা , মেহেন্দিগঞ্জ, বরিশাল। | 01610432104 | SI |
| ১৪। | উপজেলা মৎস্য অফিসার মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | 01711113199 | |
| ১৫। | উপজেলা প্রকৌশলী(এল,জি,ই,ডি) মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | 01720025740 | 27.04.22 |
| ১৬। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | | |
| ১৭। | উপজেলা শিক্ষা অফিসার মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | ueomehendi@gmail.com | |
| ১৮। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | | |
| ১৯। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | | 27/4/22 |
| ২০। | উপজেলা সমাজসেবা অফিসার মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | | |

| ক নং | পদবী | ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২১। | উপজেলা সমবায় অফিসার<br>মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | shaikalmamun@gmail.com | 29/8/22 |
| ২২। | উপজেলা সহকারী প্রোগ্রামার<br>মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | | |
| ২৩। | উপজেলা হিসাব রক্ষণ অফিসার<br>মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | | |
| ২৪। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার<br>মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | | |
| ২৫। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)<br>মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | | 29.8.22 |
| ২৬। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>মেহেন্দিগঞ্জ, বরিশাল। | | |
| ২৭। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা<br>মেহেন্দিগঞ্জ, বরিশাল। | | |
| ২৮। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা<br>মেহেন্দিগঞ্জ, বরিশাল। | | 29/8/22 |
| ২৯। | উপজেলা নির্বাচন অফিসার<br>মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | | |
| ৩০। | সাব-রেজিস্টার<br>মেহেন্দিগঞ্জ, বরিশাল | | |
| ৩১। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার<br>মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | ufpomehendiganj@gmail.com | 29.8.22 |
| ৩২। | উপজেলা পরিসংখ্যান অফিসার<br>মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | usomehendiganj@gmail.com | 27.04.2022 |
| ৩৩। | সহকারী সেটেলমেন্ট অফিসার<br>মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | | |
| ৩৪। | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক<br>মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | ucfmehendiganj@gmail.com | |
| ৩৫। | সহকারী জেনারেল ম্যানেজার<br>মেহেন্দিগঞ্জ জোনাল অফিস, বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১ | | |
| ৩৬। | উপজেলা ফায়ার সার্ভিস কর্মকর্তা<br>মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | | |
| ৩৭। | উপজেলা বন কর্মকর্তা<br>মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | | |
| ৩৮। | উপজেলা সমন্বয়কারী ,আমার বাড়ী আমার খামার<br>মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | eliasebek77@gmail.com. | 29/8/22 |
| ৩৯। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা<br>মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | | |
| ৪০। | মেহেন্দিগঞ্জ উপজেলা রিপোর্টার্স ইউনিটি সাধারণ সম্পাদক | | মো: [illegible] |
| ৪১। | | | |

## মেহেন্দিগঞ্জ উপজেলা পরিষদের এপ্রিল-২০২২ মাসের বিশেষ মাসিক সমন্বয় সভায় উপস্থিত সদস্যদের হাজিরা

সভার স্থান: উপজেলা পরিষদ সভাকক্ষ , সময়ঃ সকাল ১১:৩০ ঘটিকা

সভার তারিখ : ২৭/০৪/২০২২খ্রি.

| ক্রমিক নং | পদবী | ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | চেয়ারম্যান,আন্দারমানিক ইউনিয়ন পরিষদ | 01703370033 | |
| ০২। | চেয়ারম্যান,লতা ইউনিয়ন পরিষদ | | |
| ০৩। | চেয়ারম্যান,চরএককরিয়া ইউনিয়ন পরিষদ | | |
| ০৪। | চেয়ারম্যান, উত্তর উলানিয়া ইউনিয়ন পরিষদ | | 29.8.22 |
| ০৫। | চেয়ারম্যান, দক্ষিণ উলানিয়া ইউনিয়ন পরিষদ | | 29/08/22 |
| ০৬। | চেয়ারম্যান,মেহেন্দিগঞ্জ ইউনিয়ন পরিষদ | | |
| ০৭। | চেয়ারম্যান,বিদ্যানন্দপুর ইউনিয়ন পরিষদ | | |
| ০৮। | চেয়ারম্যান,ভাষানচর ইউনিয়ন পরিষদ | | |
| ০৯। | চেয়ারম্যান,চরগোপালপুর ইউনিয়ন পরিষদ | | |
| ১০। | চেয়ারম্যান,জাঙ্গালিয়া ইউনিয়ন পরিষদ | | |
| ১১। | চেয়ারম্যান,আলিমাবাদ ইউনিয়ন পরিষদ | | |
| ১২। | চেয়ারম্যান,চানপুর ইউনিয়ন পরিষদ | | |
| ১৩। | চেয়ারম্যান,দরিচরখাজুরিয়া ইউনিয়ন পরিষদ | | |
| ১৪। | চেয়ারম্যান,গোবিন্দপুর ইউনিয়ন পরিষদ | | |
| ১৫। | চেয়ারম্যান, শ্রীপুর ইউনিয়ন পরিষদ | | |
| ১৬। | চেয়ারম্যান, জয়নগর ইউনিয়ন পরিষদ | | 29.08.22 |
| ১৭। | মিতা রানী দাস, মেহেন্দিগঞ্জ পৌরসভা, মেহেন্দিগঞ্জ,বরিশাল | | |
| ১৮। | মোসাঃ ফিরোজা বেগম, ৩নং চরএককরিয়া ইউনিয়ন পরিষদ | | |
| ১৯। | মোসাঃ আইরিন পারভীন ৪ নং উলানিয়া ইউনিয়ন পরিষদ | | |
| ২০। | মোসাঃ খাদিজা বেগম ৬নং বিদ্যানন্দপুর ইউনিয়ন পরিষদ | | |
| ২১। | মোসাঃ হেলেনা বেগম ৯নং জাঙ্গালিয়া ইউনিয়ন পরিষদ | | |

## মেহেন্দিগঞ্জ উপজেলা পরিষদের এপ্রিল-২০২২খ্রি: মাসের মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : এ.কে.এম মাহফুজ-উল-আলম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
মেহেন্দিগঞ্জ, বরিশাল

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ

তারিখ : ২৭-০৪-২০২২খ্রি

সময় : সকাল ১১:৩০ ঘটিকা

সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সংশ্লিষ্ট রেজিস্টারে সংরক্ষিত আছে।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং উহাতে কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। সভায় বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত/বাস্তবায়ন |
|---|---|---|
| (১) উপজেলা প্রকৌশল অফিস (এলজিইডি) | ১.১ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ইউটিডিসি ভবন (নীচ তলা) জরাজীর্ণ থাকায় ও টয়লেটের দরজা, জানালা মেরামত করা প্রয়োজন। সরেজমিনে পরিদর্শন করে উপজেলা প্রকৌশলী উক্ত মেরামত কাজের ০১টি প্রাক্কলন উপস্থাপন করেন।<br>ইউটিডিসি ভবন (নীচ তলা) মেরামত=১,০০,০০০/-টাকা<br>প্রকল্প সভাপতি মো: সামসুল আরী মনির, ইউপি চেয়ারম্যান, চরগোপালপুর ইউপি। | ১.১.১ এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রাক্কলন ও প্রকল্পটি পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য কমিটিসহ অনুমোদন দেয়া হলো। একই সাথে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বাযভার মিটানোর জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের লক্ষ্যে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। |
| | ১.২ উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, ২০২১-২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপি এর আওতায় ১,১৪,৬০,০০০/-টাকা বরাদ্দ পাওয়া গেছে। তাছাড়া প্রতিটি ইউনিয়ন হতে মোট ৪৮টি স্কীম পাওয়া গেছে। ৪৮টি স্কীমের প্রাক্কলন সভায় উপস্থাপন করা হয় এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। স্কীমের তালিকা পরিশিষ্ট-''ক''তে সংযুক্ত করা হয়েছে। | ১.২.১ এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ৪৮টি স্কীমের মধ্যে ২০টি টেন্ডার এর মাধ্যমে, ২৮টি পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের লক্ষ্যে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। স্কীমের কাজগুলো জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। |
| | ১.৩ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা কমপ্লেক্স সম্প্রসারন প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় উপজেলা কমপ্লেক্স সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হল রুম নির্মান কাজের বাস্তবায়নের জন্য ৩১/১১/২০২১ তারিখ কার্যাদেশ প্রদান করা হয়েছে। ভবন নির্মান স্থলে গাছ থাকায় লে-আউট দেয়া যাচ্ছে না। উক্ত বৃক্ষ নিলামে কর্তনের অনুমতি চেয়ে ইতোমধ্যেই জেলা প্রশাসক মহোদয়ের দপ্তরে প্রাক্কলন সহ প্রেরণ করা হয়েছে, কিন্তু এখন পর্যন্ত কোন অনুমতি পাওয়া যায়নি। নির্মান কাজটি শুরু করার জন্য গাছ অপসারন করা জরুরী। | ১.৩.১ এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ঠিকাদার বৃক্ষ কর্তন করে পার্শ্বে সংরক্ষন করবেন। পরবর্তীতে জেলা প্রশাসক মহোদয়ের অনুমতি প্রাপ্তির পর নিলামে বৃক্ষ সমূহ বিক্রয় করা হবে মর্মে সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| (২) উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিস | ২.১ উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ২.১.১ স্বাস্থ্যবিধি মেনে দপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| (৩) উপজেলা সমাজসেবা অফিস | ৩.১ উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ৩.১.১ স্বাস্থ্যবিধি মেনে দপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |

(চলমান পাতা-০২)

| | | |
|---|---|---|
| (৪) উপজেলা মৎস্য অফিস | **৪.১ জাটকা সংরক্ষণ অভিযান:** ০১মার্চ হতে ৩০এপ্রিল তারিখ পর্যন্ত জাটকা সংরক্ষণে মেঘনা নদীতে সরকার ঘোষিত অভয়াশ্রম। এ সময় অভয়াশ্রম এলাকায় সকল প্রকার জাল দ্বারা সকল প্রকার মাছ আহরণ নিষিদ্ধ। কোন মাছ ধরা নৌকা নদীতে যেতে পারবে না, কোন জাল নদীতে ফেলা যাবে না। নদীতে জাটকা সংরক্ষণ অভিযান বাস্তবায়নে ইতোমধ্যে পুরো উপজেলায় মাইকিং করা হয়েছে। মাছঘাটগুলোতে সচেতনতা সভা ও লিফলেট বিতরণ করা হয়েছে এবং জনবহুল স্থানে ব্যানার টানানো হয়েছে। মেঘনা, গজারিয়া, কালাবদর নদী, মাছঘাট এবং বাজারগুলো অভিযান এবং মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রয়েছে। অভিযানের বাকি সময়ে সরকারি এ কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়নে উপজেলা প্রশাসন, জনপ্রতিনিধি, আইন শৃঙ্খলা বাহিনী, মৎস্যজীবি, জেলে, আড়তদার, মাছ ব্যবসায়ী, স্থানীয় গন্যমান্য ব্যক্তিসহ সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। | ৪.১.১ এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে জাটকা সংরক্ষণ অভিযান সফল করার জন্য উপজেলা প্রশাসন, জনপ্রতিনিধি, আইন শৃঙ্খলা বাহিনী, মৎস্যজীবি, জেলে, আড়তদার, মাছ ব্যবসায়ী, স্থানীয় গন্যমান্য ব্যক্তিসহ সংশ্লিষ্ট সকলের প্রতি সহযোগিতা কামনা করা হয়। |
| | **৪.২ ভিজিএফ সংক্রান্ত আলোচনা:** জাটকা সংরক্ষণ অভিযানের সময় ফেব্রুয়ারি হতে মে মোট ০৪মাস প্রতি মাসে ৪০কেজি হারে মোট ২০,২২৪জন জেলে পরিবারকে ভিজিএফ খাদ্য সহায়তা দেওয়া হবে। ইতোমধ্যে ফেব্রুয়ারি ও মার্চ মাসের খাদ্যশস্যের ডিও ইস্যু করা হয়েছে। দ্রুত সময়ের মধ্যে সুষ্ঠভাবে ভিজিএফ চাল জেলেদের মাঝে বিতরণের জন্য ইউনিয়ন পরিষদের সম্মানীত চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | ৪.২.১ জাটকা সংরক্ষণ অভিযানের ভিজিএফ চাল জেলেদের মাঝে সুষ্ঠভাবে বিতরণের জন্য ইউনিয়ন পরিষদের সম্মানীত চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। |
| | **৪.৩ জেলে তালিকা হালনাগাদ করণ :** পূর্বের জেলে তালিকার অনেক জেলে মৃত্যুবরণ করেছেন,পেশা পরিবর্তন করেছেন, অনেক জেলে বিদেশ বা স্থান পরিবর্তন করে চলে গেছেন। তাদের নাম জেলে তালিকা থেকে বাদ দেয়া অতিব জরুরী হয়ে পড়েছে আবার অনেক জেলে তালিকা হালনাগাদ করা জরুরী। সকল চেয়ারম্যানদের নিকট সহযোগীতা কামনা করেন। | ৪.৩.১ এ ব্যাপারে বিস্তারিত আলোচনান্তে জেলে তালিকা হালনাগাদ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা কমিটি বলেন জেলে তালিকা হালনাগাদ করণের জন্য একটি কমিটি করে দেয়া হবে উক্ত কমিটি উপযোক্তভাবে জেলে তালিকা যাচাই বাচাই করে সংযোজন ও বিয়োজন করিবেন। |
| (৫) উপজেলা কৃষি অফিস | ৫.১ উপজেলা কৃষি অফিসের প্রতিনিধি সভায় জানান যে, বর্তমানে মাঠ পর্যায়ে সকল ধরনের ফসলের অবস্থা ভালো। কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় খরিপ-১ মৌসুমে কৃষকদের মাঝে আউশ ধানের সার ও বীজ বিতরণের কাজ সুষ্ঠভাবে সম্পন্ন হয়। | ৫.১.১ এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় খরিপ-১ মৌসুমে কৃষকদের মাঝে আউশ ধানের সার ও বীজ বিতরণের কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য উপজেলা কৃষি অফিস মেহেন্দিগঞ্জ,বরিশালকে সভায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। |
| | ৫.২ উপজেলা কৃষি অফিসের প্রতিনিধি সভায় আরও জানান যে, কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় বছরে ৩বার রবি, খরিপ-১, খরিপ-২ মৌসুমে কৃষকদের মাঝে সার, বীজ সংরক্ষণ ও বিতরন করার জন্য যে গুদাম ঘরটি ব্যবহার করা হয় সেই ভবনটি বর্তমানে জরাজীর্ণ অবস্থায় রয়েছে। বর্ষার সময় বৃষ্টি হলে গুদামে পানি পড়ে। যার কারনে সার ও বীজ সংরক্ষণ ও বিতরনে সমস্যার সৃষ্টি হচ্ছে। তাই গুদাম ঘরটি মেরামতের জন্য তিনি সভায় অনুরোধ জানান। | ৫.২.১ এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উক্ত গুদাম ঘরটি পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলী মহোদয়কে সভায় অনুরোধ জানান। |
| (৬) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | ৬.১ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ৬.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশালকে অনুরোধ করা হয়। |
| (৭) উপজেলা যুব উন্নয়ন অফিস | ৭.১ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, যে,তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ৭.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |

| | | |
|---|---|---|
| (৮) উপজেলা প্রানিসম্পদ অফিস | ৮.১ উপজেলা প্রানিসম্পদ দপ্তরের প্রতিনিধি সভায় জানান যে, চলতি অর্থবছরে কৃত্রিম প্রজননের মাধ্যমে ২৪০০ গাভীকে প্রজনন করার লক্ষ্যমাত্রার ভিতর বর্তমান মাস পর্যন্ত অর্জন হয়েছে ২২৩০। অর্থাৎ ২২৩০টি গাভীকে প্রজনন করা হয়েছে। এছাড়া চলতি অর্থবছরে উন্নত জাতের বাচ্চা উৎপাদনের লক্ষ্যমাত্রা ছিল ৭০০। বর্তমান মাস পর্যন্ত ৬৩৭টি উন্নত জাতের বাচ্চা উৎপাদন হয়েছে। যার মাধ্যমে দুধ উৎপাদন অনেক বেড়ে যাবে বলে সভায় জানান। | ৮.১.১ এ বিষয়ে বিস্তারিত আলোচনায় কৃত্রিম প্রজনের মাধ্যমে ২২৩০টি গাভীকে প্রজনন করার লক্ষ্যমাত্রা অর্জন ও উন্নত জাতের বাচ্চা উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জন করায় উপজেলা প্রানিসম্পদ অফিস, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে সভায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। |
| (৯) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | ৯.১ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, যে, মেহেন্দিগঞ্জ উপজেলার ১৪টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। ল্যাবের ইলেকট্রনিক্স যন্ত্রাংশ ও ফার্নিচার স্থাপনের কাজ চলছে বলে সভায় জানান। এছাড়া তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে বলে সভায় জানান। | ৯.১.১ মেহেন্দিগঞ্জ উপজেলার ১৪টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,মেহেন্দিগঞ্জ,বরিশাল-কে সভায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। |
| (১০) উপজেলা শিক্ষা অফিস | ১০.১ উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, ১০ রমজান পর্যন্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান খোলা ছিলো। বর্তমানে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। ঈদের ছুটির পর পুনরায় সকল শিক্ষা প্রতিষ্ঠান খুলবে বলে সভায় জানান। এছাড়া তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে বলে সভায় জানান। | ১০.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), মেহেন্দিগঞ্জ, বরিশালকে অনুরোধ করা হয়। |
| ১১। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | ১১.১ উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, ২০১৯-২০ অর্থবছরে ৩৬টি ওয়াটার ডিসালাইনেশন ইউনিট স্থাপন এর মাধ্যমে লবন ও আয়রনযুক্ত গভীর নলকূপ এর পানি বিশুদ্ধকরণ সোলার ইউনিট বরাদ্দ পাওয়া যায়। | ১১.১.১ মেহেন্দিগঞ্জ উপজেলায় গভীর নলকূপ সফল হওয়ায় উক্ত সোলার ইউনিট এর স্থান নির্বাচন তালিকা না পাওয়ায় উক্ত কাজ বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। |
| | ১১.২ উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় আরও জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানিসরবরাহ প্রকল্প (৩য়) ২০২১-২২ অর্থবছরের বরাদ্দ এর স্থান নির্বাচন তালিকা প্রদান করার জন্য সভায় অনুরোধ জানান। তিনি আরও জানান যে,কোন বরাদ্দ কেরিড ওভার করা যাবে না। কেরিড ওভার হলে উক্ত ফেরত করা হবে বলে প্রধান প্রকৌশলীর দপ্তর থেকে জানানো হয়। | |
| | ১১.৩ উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় আরও জানান যে, কমিউনিটি ভিত্তিক পাইপ ওয়াটার এর স্থান নির্বাচন তালিকা প্রদানের পূর্বে লটারী অনুযায়ী প্রদান করার জন্য বলা হয়। | ১১.৩.১ লটারী প্রাপ্ত ইউনিয়ন ০৫ কার্যদিবসের মধ্যে স্থান নির্বাচন তালিকা প্রদানের জন্য অনুরোধ করা হয় অন্যথায় লটারী প্রাপ্ত ইউনিয়নের তালিকা বাতিল করে পুনরায় লটারী করা হবে বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। |
| (১২) উপজেলা সমবায় অফিস | ১২.১ উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১২.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| (১৩) উপজেলা মহিলা বিষয়ক অফিস | ১৩.১ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১৩.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| (১৪) উপজেলা পল্লী উন্নয়ন (বিআরডিবি) অফিস | ১৪.১ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১৪.১.১ ১৩.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |

(চলমান পাতা-০৪)

| | | |
|---|---|---|
| (১৫) উপজেলা পরিসংখ্যান অফিস | ১৫.১ উপজেলা পরিসংখ্যান অফিসার (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক ১৫ জুন ২০২২খ্রি. তারিখ থেকে ২১জুন ২০২২খ্রি. তারিখ পর্যন্ত "জনশুমারি ও গৃহগণনা-২০২২" পরিচালিত হবে। উক্ত কার্যক্রমে মেহেন্দিগঞ্জ উপজেলার সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদের সদস্য, ইউনিয়ন পরিষদ সচিব, সাংবাদিক, সকল পর্যায়ের শিক্ষক, গন্যমান্য ব্যক্তিবর্গ ও সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সভায় অনুরোধ জানান। | ১৫.১.১ এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উক্ত "জনশুমারি ও গৃহগণনা-২০২২" কর্মসূচি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদের সদস্য, ইউনিয়ন পরিষদ সচিব, সাংবাদিক, সকল পর্যায়ের শিক্ষক, গন্যমান্য ব্যক্তিবর্গ ও সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে সার্বিক সহযোগিতা করবে বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। |
| (১৬) উপজেলা ফায়ার সার্ভিস অফিস | ১৬.১ উপজেলা ফায়ার সার্ভিস অফিসের প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১৬.১.১ স্বাস্থ্যবিধি মেনে দপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদানের জন্য উপজেলা ফায়ার সার্ভিস অফিস, মেহেন্দিগঞ্জ, বরিশালকে অনুরোধ করা হয়। |
| (১৭) উপজেলা আনসার ও ভিডিপি অফিস | ১৭.১ উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১৭.১.১ স্বাস্থ্যবিধি মেনে দপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদানের জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশালকে অনুরোধ করা হয়। |
| (১৮) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস | ১৮.১ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, মেহেন্দিগঞ্জ উপজেলার খাদ্য গুদামের মজুদ পরিস্থিতি নিম্নরূপ :-<br>০১। ধান - ৩৫৮.৪০০ মেঃ টনঃ<br>০২। চাল - ১৮০.৪৯০ মেঃ টনঃ<br>০৩। গম - নেই<br>খাদ্য বান্ধব কর্মসূচীঃ মেহেন্দিগঞ্জ উপজেলা খাদ্যবান্ধব কর্মসূচীর আওতায় মার্চ/২০২২ থেকে এপ্রিল/২০২২ মাসে ২৬,৩৫৪কার্ডের বিপরীতে কার্ড প্রতি ৩০কেজি করে ১০/-টাকা মূল্যের চাল বিক্রয় কার্যক্রম চলিতেছে। উক্ত চালের সাথে ১% হারে ৬(ছয়)টি অনুপুষ্টি উপাদান যথা (১) ভিটামিন-এ (২) ভিটামিন বি-১ (৩) ভিটামিন বি-১২ (৪) আয়রন (৫) ফলিক এসিড (৬) জিংক এর সংমিশ্রণ রয়েছে।<br>এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলিতেছে। | ১৮.১ স্বাস্থ্যবিধি মেনে দপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদানের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশালকে অনুরোধ করা হয়। |
| (১৯) উপজেলা বন বিভাগ | ১৯.১ ফরেস্টার, সামাজিক বন বাগান কেন্দ্র সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১৯.১.১ স্বাস্থ্যবিধি মেনে দপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদানের জন্য ফরেস্টার সামাজিক বন বাগান কেন্দ্র, মেহেন্দিগঞ্জ, বরিশালকে অনুরোধ করা হয়। |
| (২০) পল্লী সঞ্চয় ব্যাংক | ২০.১ শাখা ব্যাবস্থাপক/উপজেলা সমন্বয়কারী, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ২০.১.১ স্বাস্থ্যবিধি মেনে দপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদানের জন্য শাখা ব্যবস্থাপক/ উপজেলা সমন্বয়কারী, পল্লী সঞ্চয় ব্যাংক মেহেন্দিগঞ্জ, বরিশালকে অনুরোধ করা হয়। |
| (২১) উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | ২১.১ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ২১.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদানের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশালকে অনুরোধ করা হয়। |

(চলমান পাতা-০৫)

| | | |
|---|---|---|
| (২২) বিবিধ-১ | ০১/ জনাব এ.কে.এম মাহফুজ-উল-আলম চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল এর এপ্রিল-২০২২ মাসের সম্মানী ভাতা বাবদ=৪০,০০০/-টাকা<br>০২। জনাব এ.কে.এম মাহফুজ-উল-আলম চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মেহেন্দিগঞ্জ, বরিশাল এর এপ্রিল-২০২২ মাসের বাসা ভাড়া বাবদ=৫,০০০/-টাকা।<br>০৪/ জনাব মোঃ খোরশেদ আলম (ভুলু), ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ,বরিশাল এর এপ্রিল-২০২২ মাসের সম্মানী ভাতা বাবদ=২৭,০০০/- টাকা।<br>০৬। জনাবা রওমান বিনতে শফিকুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল এর এপ্রিল-২০২২ মাসের সম্মানী ভাতা বাবদ ২৭,০০০/- টাকা ।<br>০৪/ উপজেলা পরিষদের বিভিন্ন সভার আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/-টাকা।<br>০৫/ উপজেলা পরিষদের স্থায়ী কমিটি সভার আপ্যায়ন ব্যয় বাবদ ৮,০০০/-টাকা।<br>০৬/ উপজেলা পরিষদের আনুষাঙ্গিক বিল ৫,০০০/-টাকা।<br>০৭/ উপজেলা পরিষদ এর মালি, জনাব মো: মোজাম্মেল হোসেন এর এপ্রিল-২০২২ মাসের মজুরী বাবদ ১৬,৫০০/- টাকা।<br>০৮। বাংলা নববর্ষ ১৪২৯ সুষ্ঠ, সুন্দর ও উৎসবমুখর পরিবেশে উদযাপন করার ব্যয়ের সরকারি কোন বরাদ্দ না পাওয়ায় উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় ২৫,০০০/-টাকা প্রদান সংক্রান্ত।<br>০৯। মেহেন্দিগঞ্জ উপজেলায় টি.সি.বি.র পন্য বিক্রয় কার্যক্রমে উপজেলা পর্যায়ে প্যাকিং ও অন্যান্য খরচ বাবদ মোট ব্যয় ২,১৮,৫০০/-টাকা। উক্ত ব্যয় অপ্রত্যাশিত খাত থেকে ব্যয় করা যেতে পারে। | ২২.১.১ দাখিলকৃত বিলসমূহ সভায় অনুমোদিত ও উত্তোলনের জন্য সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। |
| (২৩) বিবিধ-২ | ২৩.২ সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, মেহেন্দিগঞ্জ উপজেলা পরিষদ চত্বরের নিম্নোক্ত পুকুর/ডোবা/লেক বাংলা ১৪২৯ সালের ১লা বৈশাখ হতে বাংলা ১৪৩১ সালের ৩০শে চৈত্র পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য ইজারা দেয়ার প্রস্তাব করেন।<br>০১. হ্যালিপ্যাডের উত্তর পার্শ্বের পুকুর।<br>০২. হ্যালিপ্যাডের দক্ষিণ পার্শ্বের পুকুর।<br>০৩. উপজেলা পরিষদের হ্যালিপ্যাডের পূর্ব পার্শ্বের পাড়সহ লেক।<br>০৪. উপজেলা পরিষদ সংলগ্ন প্রাক্তন ভূমি অফিসের পূর্ব ও পশ্চিম পার্শ্বের ০২টি পুকুর<br>০৫. মেহেন্দিগঞ্জ আদর্শ বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের পশ্চিম পার্শ্ব পর্যন্ত পুকুর।<br>০৬. উপজেলা পরিষদের মধ্যে আদর্শ বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের দক্ষিণ পাশের পুকুরসহ লেক। | ২৩.২.১ সভায় সর্বসম্মতিক্রমে ১-৫নং পুকুর/ ডোবা/লেক বাংলা ১৪২৯ সালের জন্য ইজারা প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হলো। এবং উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন এবং ডরমেটরী ভবন নির্মাণ হওয়ার কারণে উপজেলা পরিষদ চত্বরের মধ্যে মেহেন্দিগঞ্জ আদর্শ বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের দক্ষিণ পার্শের পুকুরসহ লেক ইজারা না দেয়ার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| (২৪) বিবিধ-৩ | ২৪.৩ সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, অত্র উপজেলার আন্ধারমানিক, লতা, চরএককরিয়া, উত্তর উলানিয়া, মেহেন্দিগঞ্জ, বিদ্যানন্দপুর, ভাষাণচর, জাঙ্গালিয়া, আলিমাবাদ, চানপুর, দড়িচর খাজুরিয়া, গোবিন্দপুর, শ্রীপুর, জয়নগর ও উত্তর উলানিয়া ইউনিয়ন পরিষদে দীর্ঘদিন যাবৎ দফাদার ও মহল্লাদারদের পদ শূন্য থাকায় ইউনিয়নের আইন-শৃঙ্খলা রক্ষাসহ নানানবিধ সরকারি কাজে বিঘ্ন ঘটছে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে সেবা দ্রুত জনগণের দোড়গোরায় পৌঁছে দেয়ার জন্য জরুরিভিত্তিতে মহল্লাদার হতে দফাদার পদে পদোন্নতি এবং মহল্লাদার পদে নিয়োগ করার কার্যক্রম প্রক্রিয়াধীন। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের এস, আর, ও নং ৮৯-আইন/২০১৫ এর ০৪ মে, ২০১৫ খ্রিঃ তারিখ প্রকাশিত প্রজ্ঞাপনে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী যাচাই-বাছাই/নিয়োগ/পদোন্নতি বিধিমালার ৮নং অনুচ্ছেদ বিধিমালার ৩ এর নির্দেশনা মোতাবেক ইউনিয়ন পরিষদে কর্মরত গ্রাম-পুলিশ বাহিনী (দফাদার ও মহল্লাদার) উপজেলা পরিষদের আওতাধীন কর্মচারী বিধায় তাদের নিয়োগ/পদোন্নতি পরীক্ষা কার্যক্রম পরিচালনার জন্য সরকারী কোন বরাদ্দ না থাকায় উপজেলা রাজস্ব তহবিল হতে ৯৫,০০০/- টাকার প্রয়োজন। | ২৪.৩.১ সভায় সর্বসম্মতিক্রমে গ্রাম পুলিশ বাহিনী (দফাদার ও মহল্লাদার) উপজেলা পরিষদের কর্মচারী বিধায় নিয়োগ/ পদোন্নতি পরীক্ষা পরিচালনার জন্য ব্যয়কৃত ৯৫,০০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে উত্তোলন করার সিদ্ধান্ত গৃহিত হয়। |

অতঃপর সভার সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান সকল সদস্যদেরকে আন্তরিকতার সহিত দায়িত্ব পালনের মাধ্যমে পরিষদের কার্যক্রম আরও গতিশীল করার আশাবাদ ব্যক্ত করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( এ,কে,এম মাহবুব-উল-আলম )
চেয়ারম্যান,
উপজেলা পরিষদ
মেহেন্দিগঞ্জ, বরিশাল
ও
সভাপতি
উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটি

[illegible]

স্মারক নম্বর: ০৫.১০.০৬৬২.০০৮.০১.০০৬.১৯.৪২৬(১০০)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা ১২২, বরিশাল-০৪ (হিজলা-মেহেন্দিগঞ্জ)

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৩। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বরিশাল বিভাগ, বরিশাল

০৪। জেলা প্রশাসক, বরিশাল

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল

০৬। মেয়র, মেহেন্দিগঞ্জ পৌরসভা, মেহেন্দিগঞ্জ, বরিশাল

০৭। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল

০৮। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল

০৯। প্রশাসক, উপজেলা কমান্ড কাউন্সিল, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল।

১০। উপজেলা..............................................................অফিসার (সকল), মেহেন্দিগঞ্জ, বরিশাল

১১। চেয়ারম্যান/প্রশাসক..............................................................ইউনিয়ন পরিষদ (সকল), মেহেন্দিগঞ্জ, বরিশাল

১২। জনাব..............................................................

..............................................................

১৩। অফিস নথি

(মো: নুরুন্নবী)
উপজেলা নির্বাহী অফিসার
মেহেন্দিগঞ্জ, বরিশাল।